"শিল্পে প্রাকৃতিক গ্যাস গৃহস্থালীতে বিকল্প জ্বালানী"

# বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)

# BAKHRABAD GAS DISTRIBUTION COMPANY LIMITED
(A Company of Petrobangla)

সূত্র নং- ২৮.১১.০০০০.৩০০.০১.০৭৪.২০/820 তারিখঃ ১৭ নভেম্বর, ২০২০

বিষয়ঃ ২০২০-২০২১ অর্থ-বছরের ১ম প্রান্তিকে (জুলাই-০১ থেকে সেপ্টেম্বর-৩০ পর্যন্ত) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের প্রতিবেদন প্রেরণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে অত্র কোম্পানীর ২০২০-২০২১ অর্থবছরের জন্য বিভিন্ন খাতে গৃহীত লক্ষ্যমাত্রার বিপরীতে ১ম প্রান্তিকের (জুলাই ২০২০ থেকে সেপ্টেম্বর ২০২০ পর্যন্ত) বাস্তবায়ন প্রতিবেদন পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংগে প্রেরণ করা হলো।

শঙ্কর মজুমদার
ব্যবস্থাপনা পরিচালক
বিজিডিসিএল

পরিচালক (প্রশাসন)
প্রশাসন পরিদপ্তর
বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন, পেট্রোবাংলা
পেট্রোসেন্টার,
৩, কাওরান বাজার বা/এ,
ঢাকা-১২১৫।

অনুলিপিঃ

১। মহাব্যবস্থাপক (সংস্থাপন), সংস্থাপন বিভাগ, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)।
২। মহাব্যবস্থাপক (চলতি দায়িত্ব), ইঞ্জিনিয়ারিং সার্ভিস ডিভিশন, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড।
৩। মহাব্যবস্থাপক (চলতি দায়িত্ব), পরিকল্পনা ও উন্নয়ন ডিভিশন, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড।
৪। মহাব্যবস্থাপক (চলতি দায়িত্ব), বিপণন ডিভিশন, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড।
৫। মহাব্যবস্থাপক (চলতি দায়িত্ব), অপারেশন এন্ড মেইন্টেন্যান্স ডিভিশন, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড।
৬। মহাব্যবস্থাপক (চলতি দায়িত্ব), প্রশাসন ডিভিশন, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড।
৭। উপ-মহাব্যবস্থাপক (অতিরিক্ত দায়িত্ব), আইটি ডিপার্টমেন্ট, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (বিজিডিসিএল-এর ওয়েবসাইটে প্রকাশের জন্য )।
৮। ব্যবস্থাপক (অতিরিক্ত দায়িত্ব), ট্রেনিং শাখা, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড।
৯। অফিস কপি।

উপ-মহাব্যবস্থাপক (আইটি) এর দপ্তর
গ্রহণ নং... তারিখ ১৭.১১.২০২০
প্রেরণ নং... তারিখ...
স্বাক্ষর

বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
BAKHRABAD GAS DISTRIBUTION COMPANY LIMITED
(A Company of Petrobangla)

সূত্র নং- ২৮.১১.০০০০.২২০.৪৭.০০১.২০/ তারিখঃ ১০ নভেম্বর' ২০২০

**বিষয়ঃ ২৯ সেপ্টেম্বর, ২০২০ তারিখে অনুষ্ঠিত "জাতীয় শুদ্ধাচার কৌশল (National Integrity Strategy)"কর্মপরিকল্পনা, ২০২০-২১ এর ১ম কোয়ার্টার (জুলাই-সেপ্টেম্বর, ২০২০) বাস্তবায়ন অগ্রগতির উপর অনুষ্ঠিত সভার কার্যবিবরণীঃ**

"জাতীয় শুদ্ধাচার কৌশল (National Integrity Strategy)" কর্মপরিকল্পনা বাস্তবায়নের নিমিত্তে ১ম কোয়ার্টারের অগ্রগতির উপর পর্যালোচনা সভা অত্র কোম্পানীর মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব) ও নৈতিকতা কমিটির আহবায়ক-এর সভাপতিত্বে ২৯ সেপ্টেম্বর' ২০২০ তারিখ রোজ মঙ্গলবার সকাল ১১.০০ টায় বিজিডিসিএল-এর বোর্ড রুমে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক'-এ সংযুক্ত।

সভার সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি ব্যবস্থাপক (ট্রেনিং) ও নৈতিকতা কমিটির সদস্য-সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব আশরাফুল হক মামুন-কে সভায় আলোচ্যসূচি উপস্থাপনের জন্য অনুরোধ করেন।

**১. প্রাতিষ্ঠানিক ব্যবস্থাঃ**

১.১। **নৈতিকতা কমিটির সভাঃ** জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২১ অর্থবছরের প্রতি কোয়ার্টারে নৈতিকতা কমিটির ০১ (এক) টি করে সভা আয়োজন করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। এতদপ্রেক্ষিতে, ১ম কোয়ার্টারে (জুলাই-২০২০ হতে সেপ্টেম্বর-২০২০ পর্যন্ত) ০১ (এক)টি সভা আয়োজন করা হয়। এক্ষেত্রে অর্জন ১০০%।

১.২। **নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়নঃ** জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২১ অর্থবছরের নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত ১০০% বাস্তবায়ন করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। লক্ষ্যমাত্রা অনুযায়ী সিদ্ধান্ত বাস্তবায়ন করা হচ্ছে।

**২. দক্ষতা ও নৈতিকতার উন্নয়নঃ**

২.১। **সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভাঃ** সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholder) অংশগ্রহণে ২০২০-২১ অর্থবছরে ২য় ও ৩য় কোয়ার্টারে ০১ (এক) টি করে ০২ (দুই) টি সভা আয়োজনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। লক্ষ্যমাত্রা অনুযায়ী ২য় ও ৩য় কোয়ার্টারে সভা আয়োজনের ব্যবস্থা গ্রহণ করা হবে।

২.২। **অংশীজনের অংশগ্রহণে সভার সিদ্ধান্ত বাস্তবায়নঃ** অংশীজনের অংশগ্রহণে সভার সিদ্ধান্ত ৩য় ও ৪র্থ কোয়ার্টারে বাস্তবায়নের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। সে অনুযায়ী কার্যক্রম চলমান রয়েছে।

২.৩। **কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে চাকরি সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনঃ** কোম্পানীর কাজ-কর্মে গতিশীলতা, দক্ষতা ও সচ্ছতা আনয়নের লক্ষ্যে "শুদ্ধাচার কৌশল" কর্মপরিকল্পনা বাস্তবায়নে ২০২০-২১ সালে প্রতি কোয়ার্টারে ১৫ (পনের) জন করে ০৪ (চার)টি কোয়ার্টারে ৬০ (ষাট) জন কর্মকর্তা/কর্মচারীকে চাকরি সংক্রান্ত প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। এতদপ্রেক্ষিতে, ২০২০-২১ অর্থবছরের ১ম কোয়ার্টারে (জুলাই-সেপ্টেম্বর, ২০২০) ২৭ (সাতাশ) জন কর্মকর্তা/কর্মচারীকে চাকরি সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এক্ষেত্রে অর্জন ১০০% এর বেশী (প্রমাণক সংযুক্ত)।

২.৪। **কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে সু-শাসন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনঃ** শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা' বাস্তবায়নে মাঠ পর্যায়ে কর্মকর্তাদের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ২০২০-২১ অর্থবছরের ২য় ও ৪র্থ কোয়ার্টারে ২০ (বিশ) জন করে মোট ৪০(চল্লিশ) জন কর্মকর্তা/কর্মচারীকে সু-শাসন সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। সে অনুযায়ী ২য় ও ৪র্থ কোয়ার্টারে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হবে।

**৩. শুদ্ধাচার প্রতিষ্ঠায় সহায়ক আইন/বিধি/নীতিমালা/ম্যানুয়েল ও প্রজ্ঞাপন/পরিপত্র-এর প্রয়োগ ও বাস্তবায়নঃ**

৩.১। **কোম্পানীর জন্য সময়োপযোগী সাংগঠনিক কাঠামো প্রণয়নঃ** কোম্পানীর সময়োপযোগী সাংগঠনিক কাঠামো প্রণয়নের কার্যক্রম চলমান রয়েছে।

৩.২। **কোম্পানীর প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা পুণঃঅর্পন নীতিমালা সংশোধন/হালনাগাদকরণঃ** কোম্পানীর প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা পুণঃঅর্পন নীতিমালা সংশোধন/হালনাগাদকরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। সে লক্ষ্যে ০১ (এক) টি কমিটি গঠন করা হয়েছে এবং কার্যক্রম চলছে।

**৪. ওয়েবসাইটে সেবাবক্স হালনাগাদকরণঃ**

৪.১। **সেবা সংক্রান্ত টোল ফ্রি নম্বরসমূহ স্ব স্ব তথ্য বাতায়নে দৃশ্যমানকরণঃ** শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে প্রতি কোয়ার্টারে সেবা সংক্রান্ত টোল ফ্রি নম্বরসমূহ স্ব স্ব তথ্য বাতায়নে দৃশ্যমানকরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। এতদপ্রেক্ষিতে, সেবা সংক্রান্ত টোল ফ্রি নম্বরসমূহ কোম্পানীর নিজস্ব তথ্য বাতায়নে দৃশ্যমান করা হয়েছে।

৪.২। **ওয়েবসাইটে শুদ্ধাচার সেবাবক্স হালনাগাদকরণঃ** বিজিডিসিএল-এর সংশ্লিষ্ট ওয়েবসাইটে শুদ্ধাচার সেবাবক্স হালনাগাদকরণের লক্ষ্যমাত্রা নির্ধারণের প্রেক্ষিতে বিজিডিসিএল-এর ওয়েবসাইটে শুদ্ধাচার সেবাবক্স হালনাগাদকরণ কার্যক্রম চলমান রয়েছে।

৪.৩। **স্ব স্ব ওয়েবসাইটে তথ্য অধিকার সেবাবক্স হালনাগাদকরণঃ** লক্ষ্যমাত্রা অনুযায়ী বিজিডিসিএল-এর ওয়েবসাইটে তথ্য অধিকার সেবাবক্স হালনাগাদ করা হচ্ছে।

**৫. সুশাসন প্রতিষ্ঠাঃ**

৫.১। **শুদ্ধাচার সংক্রান্ত উত্তম চর্চার তালিকা প্রণয়ন করে স্ব স্ব দপ্তর/সংস্থায় প্রেরণঃ** শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২১ অর্থবছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্দিষ্ট সময়ে (৩১-১২-২০২০) শুদ্ধাচার সংক্রান্ত উত্তম চর্চার তালিকা প্রণয়ন করে স্ব স্ব দপ্তর/সংস্থায় প্রেরণের কার্যক্রম চলমান রয়েছে।

৫.২। **স্ব প্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশঃ** শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২১ বাস্তবায়নে প্রতি কোয়ার্টারে লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্দিষ্ট সময়ে স্ব প্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য হালনাগাদ করা হচ্ছে।

**৬(ক). সেবা প্রদানের ক্ষেত্রে শুদ্ধাচারঃ**

৬(ক).১। **সেবা প্রদান সংক্রান্ত রেজিস্টার সংরক্ষণ ও সেবা সংক্রান্ত গ্রাহকদের মতামত গ্রহণঃ** লক্ষ্যমাত্রা অনুযায়ী সেবা সংক্রান্ত রেজিস্টারে সেবা গ্রহীতার মতামত সংরক্ষণের কার্যক্রম চলমান রয়েছে।

৬(ক).২। **প্রদত্ত সকল সেবার সহজীকৃত প্রসেস ম্যাপ প্রস্তুতকরণ এবং ওয়েবসাইটে আপলোডকরণঃ** লক্ষ্যমাত্রা অনুযায়ী কোম্পানী কর্তৃক প্রদত্ত সকল সেবার সহজীকৃত প্রসেস ম্যাপ প্রস্তুতকরণ এবং ওয়েবসাইটে আপলোডকরণের কার্যক্রম প্রক্রিয়াধীন আছে।

৬(ক).৩। **সেবা প্রার্থীদের জন্য বিশ্রামস্থল/অপেক্ষাকক্ষ/বসার স্থান নির্মাণ/প্রস্তুতকরণঃ** লক্ষ্যমাত্রা অনুযায়ী কোম্পানীর প্রধান কার্যালয়সহ কয়েকটি স্থাপনায় সেবা প্রার্থীদের জন্য বিশ্রামস্থল/অপেক্ষাকক্ষ/বসার স্থান নির্মাণ করা হয়েছে।

**৭. ক্রয়ক্ষেত্রে শুদ্ধাচারঃ**

৭.১। **পিপিএ-২০০৬ ও পিপিআর-২০০৮ অনুযায়ী ক্রয় পরিকল্পনা ২০২০-২১ ওয়েবসাইটে প্রকাশঃ** কোম্পানীর বার্ষিক ক্রয় পরিকল্পনা ২০২০-২১ ওয়েবসাইটে প্রকাশিত হয়েছে।

৭.২। **ই-টেন্ডারের মাধ্যমে ক্রয়কার্য সম্পাদনঃ** লক্ষ্যমাত্রা অনুযায়ী ই-টেন্ডারের মাধ্যমে ক্রয়কার্যক্রম সম্পাদন করা হচ্ছে।

**৮. সচ্ছতা ও জবাবদিহি শক্তিশালীকরণঃ**

৮.১। **স্ব স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বাস্তবায়ন এবং ওয়েবসাইটে প্রকাশঃ** লক্ষ্যমাত্রা অনুযায়ী স্ব স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।

৮.২। **কোম্পানীর শাখা/অধিশাখা/অধিনস্ত অফিস পরিদর্শনঃ** শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২১ বাস্তবায়নে প্রতি কোয়ার্টারে ০৫ (পাঁচ) টি অফিস এলাকা পরিদর্শন করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। এতদপ্রেক্ষিতে, ১ম কোয়ার্টারে ০৪ (চার) টি অফিস এলাকা পরিদর্শন করা হয়েছে।

**৯. শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রমঃ**

৯.১। **বিদ্যুৎ, পানি ও জ্বালানীর সাশ্রয়ী/সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণঃ** শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২১ বাস্তবায়নে বিদ্যুৎ, পানি ও জ্বালানীর সাশ্রয়ী/সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণ করা হচ্ছে।

৯.২। **বিদ্যুৎ, পানি ও জ্বালানীর বিল নিয়মিত পরিশোধকরণঃ** শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২১ বাস্তবায়নে বিদ্যুৎ, পানি ও জ্বালানীর বিল নিয়মিত পরিশোধ করা হচ্ছে।

৯.৩। **নৈতিকতা সম্পর্কিত পোষ্টার/লিফলেট/ভাজ তৈরী করাঃ** শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২১ বাস্তবায়নে ২য় কোয়ার্টারে ৫০০ (পাঁচশত) টি নৈতিকতা সম্পর্কিত পোষ্টার/লিফলেট/ভাজ তৈরী করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। সে অনুযায়ী কার্যক্রম চলমান রয়েছে।

৯.৪। **নৈতিকতা সম্পর্কিত পোষ্টার/লিফলেট/ভাজ বিতরণ ও সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণঃ** নৈতিকতা সম্পর্কিত পোষ্টার/লিফলেট/ভাজ বিতরণ ও সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণের লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্যক্রম চলমান রয়েছে।

**১০. শুদ্ধাচার চর্চার জন্য পুরস্কার/প্রণোদনা প্রদানঃ**

১০.১। **শুদ্ধাচার পুরস্কার প্রদানঃ** ৩০-০৬-২০২১ তারিখের মধ্যে কার্যক্রম সম্পন্ন করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা আছে।

১০.২। **২০১৯-২০২০ অর্থবছরে শুদ্ধাচার পুরস্কারপ্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশঃ** ২০১৯ - ২০২০ অর্থবছরে শুদ্ধাচার পুরস্কার প্রদান করা সম্ভব হয়নি।

**১১. অর্থ বরাদ্দঃ**

১১.১। **শুদ্ধাচার কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থের আনুমানিক পরিমাণঃ** শুদ্ধাচার কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য ২০২০-২১ অর্থবছরে ২.০০ লক্ষ টাকার বাজেট প্রস্তাব রাখা হয়েছে।

**১২. পরিবীক্ষণ ও মুল্যায়নঃ**

১২.১। **আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২০২১ স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণঃ** জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এর অংশ হিসেবে বিজিডিসিএল-এর কর্মপরিকল্পনা নিজস্ব ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।

১২.২। **নির্ধারিত সময়ে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট দপ্তর/সংস্থায় দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণঃ** নির্ধারিত সময়ে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট দপ্তর/সংস্থায় দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোড করা হচ্ছে।

১৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা কর হয়।

10.11.2020
(আশরাফুল হক মামুন)
ব্যবস্থাপক (ট্রেনিং) ও
সদস্য-সচিব ও ফোকাল পয়েন্ট
নৈতিকতা সংক্রান্ত কমিটি।

(আবু মোঃ জাহাঙ্গীর বাদশা)
উপ-মহাব্যবস্থাপক (আইটি) ও
সদস্য
নৈতিকতা সংক্রান্ত কমিটি।

১০/১১/2020
(টি, আই, কে, এম আবুল হোসাইন)
মহাব্যবস্থাপক (প্রশাসন) ও
সদস্য
নৈতিকতা সংক্রান্ত কমিটি।

১০/১১/2020
(প্রকৌঃ সাইফুল আলম ভূইয়া)
মহাব্যবস্থাপক (অপারেশন এন্ড মেইন্টেন্যান্স) ও
সদস্য
নৈতিকতা সংক্রান্ত কমিটি।

১০/১১/২০
(প্রকৌঃ মোঃ আলমগীর সরকার)
মহাব্যবস্থাপক (বিপণন) ও
সদস্য
নৈতিকতা সংক্রান্ত কমিটি।

১০/১১/২০
(প্রকৌঃ রানা জাকি হোসেন)
মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও উন্নয়ন) ও
সদস্য
নৈতিকতা সংক্রান্ত কমিটি।

১০/১১/2020
(প্রকৌঃ আবুল বাসার)
মহাব্যবস্থাপক (ইঞ্জিনিয়ারিং সার্ভিস) ও
সদস্য
নৈতিকতা সংক্রান্ত কমিটি।

১০/১১/2020
(নারায়ন চন্দ্র পাল)
মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব) ও
আহবায়ক
নৈতিকতা সংক্রান্ত কমিটি।

অনুলিপিঃ

১। সহকারী ব্যবস্থাপক টু পরিচালক (প্রশাসন), পেট্রোবাংলা, পেট্রোসেন্টার, ৩ কারওয়ান বাজার বা/এ, ঢাকা।
২। ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, বিজিডিসিএল, কুমিল্লা।
৩। মহাব্যবস্থাপক (সংস্থাপন),পেট্রোবাংলা, পেট্রোসেন্টার, ৩ কারওয়ান বাজার বা/এ, ঢাকা।
৪। কমিটি সকল সদস্যবৃন্দ, ..............................................................................।
৫। ব্যবস্থাপক (ট্রেনিং), সদস্য-সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা নৈতিকতা কমিটি, বিজিডিসিএল, কুমিল্লা।
৬। অফিস কপি।